যুগান্তর

তারিখ 14 OCT 2002
পৃষ্ঠা ৭ কলাম ৪

# দু'মাসের মধ্যে ছাত্রদলের ৮৯ জেলা সম্মেলন হবে : বুধবার শু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রদলকে তৃণমূল পর্যায়ে সংগঠিত করার জন্য বুধবার থেকে সংগঠনের জেলা শাখার সম্মেলন শুরু হচ্ছে। আগামী দু'মাসের মধ্যে সংগঠনের ৮৯টি জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হবে। সংগঠনের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দ ৬টি টিমে বিভক্ত হয়ে এসব সম্মেলন অনুষ্ঠানে কার্যকরী ভূমিকা রাখবেন এবং কেন্দ্রীয় আহ্বায়ক ও যুগ্ম আহ্বায়করা এতে উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

দীর্ঘ ৯ মাসেরও বেশি সময় স্থগিত থাকার পর গত ৯ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নির্দেশে ছাত্রদলের ৩১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠিত হয়। কমিটিকে ৩১ ডিসেম্বরের মধ্যে সব জেলা শাখার সম্মেলন অনুষ্ঠানের মাধ্যমে নতুন নেতৃত্ব সৃষ্টি করে তৃণমূল পর্যায়ে সংগঠনকে শক্তিশালী ও কেন্দ্রীয় কমিটি গঠনের লক্ষ্যে সম্মেলন করার দায়িত্ব দেয়া হয়। দায়িত্ব পাওয়ার পরের সপ্তাহেই আহ্বায়ক নিজেরা বসে ৬টি টিমে বিভক্ত সারাদেশ সফরের সিদ্ধান্ত নেন। গ থেকে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত টি দেশের সব জেলা শাখা সফর সংগঠনের সার্বিক খোঁজখবর নিয়ে এরপর ঢাকায় এসে তারা বি হাইকমান্ডে রিপোর্ট পেশ করার মূল্যায়ন রিপোর্ট তৈরির পাশাপাশি জেলা শাখার নতুন সম্মেলন অনু কাজ শুরু করেন।

চলতি মাসের প্রথম সপ্তাহে সম্মেলনের তারিখ ঘোষণা করা ঘোষিত সময়সূচি অনুযায়ী রাজশাহী বিভাগের লালমনিরহাট শাখার সম্মেলন অনুষ্ঠিত হবে। পর্যা ৮৯টি জেলা শাখার সম্মেলন ত হবে। সবশেষে আগামী ১৩ ডি চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলা সম্মেলন অনষ্ঠিত হবে।